

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুগ্ম জেলা জজ ১ম আদালতের কার্যালয়, কক্সবাজার।

‘নিয়োগ বিজ্ঞপ্তি

নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-১, কক্সবাজার এ ‘গাড়ী চালক (ড্রাইভার)’ এর নিম্নলিখিত শূন্যপদে অস্থায়ীভাবে জনবল নিয়োগের নিমিত্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা।
১।	গাড়ী চালক (ড্রাইভার)	০১ (এক)টি	৯,৩০০/- ২২,৪৯০/- (গ্রেড-১৬ জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	(ক) যে কোন স্বীকৃত বোর্ড হইতে ন্যূনতম অষ্টম শ্রেণী বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) মোটর গাড়ী (Light and Heavy) চালনার বৈধ লাইসেন্স ধারী হইতে হইবে। অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হইবে।

‘শর্তাবলী’

- প্রার্থীকে নিম্নলিখিত বিষয়সমূহ উল্লেখপূর্বক চেয়ারম্যান, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি ও যুগ্ম জেলা জজ ১ম আদালত, জেলা জজ আদালত ভবন, কক্সবাজার বরাবর নিজ স্বাক্ষরযুক্ত আবেদনপত্র দাখিল করিতে হইবে।
(ক) প্রার্থীর নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) শিক্ষাগত যোগ্যতা (ছ) বয়স (জ) জন্ম তারিখ (ঝ) জাতীয়তা (ঞ) জাতীয় পরিচয়পত্র নম্বর (ট) ধর্ম (ঠ) নিজ জেলা (ড) অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করিতে হইবে।
- আবেদনপত্র আগামী ১২.১২.২০২১ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময় ডাকযোগে অথবা সরাসরি চেয়ারম্যান, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি, যুগ্ম জেলা জজ ১ম আদালত, জেলা জজ আদালত ভবন, কক্সবাজার বরাবর পৌছাইতে হইবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হইবে না।
- প্রার্থীর বয়স ২৫.০৩.২০২০ খ্রিঃ তারিখে ১৮-৩০ বৎসরের মধ্যে হইতে হইবে। তবে, প্রার্থী যদি মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হন সেক্ষেত্রে তাদের বয়সসীমা ৩২ (বত্রিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন হলফনামা গ্রহণ করা হইবে না।
- আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করিতে হইবেঃ
(ক) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
(খ) মোটর গাড়ী (Light and Heavy) চালনার বৈধ লাইসেন্স এর সত্যায়িত অনুলিপি।
(গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ কপি রসিন ছবি।
(ঘ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা বা সিটি কর্পোরেশনের মেয়র বা ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত অনুলিপি।
(ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি।
(চ) মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের আবেদনপত্রের সহিত মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত ফটোকপি (যাহা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতীক্ষিত) দাখিল করিতে হইবে।
(ছ) প্রার্থীর নাম ঠিকানাসহ ১০ (দশ) টাকার ডাক টিকেট সম্বলিত ৯.৫ ইঞ্চি X ৪.৫ ইঞ্চি মাপের একটি ফেরত খাম।
- চাকুরীরত প্রার্থীকে অবশ্যই কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।
- পরীক্ষার ফি বাবদ ১০০/- টার অফেরতযোগ্য পোস্টাল অর্ডার যুগ্ম জেলা জজ, ১ম আদালত, কক্সবাজার বরাবর দাখিল করিতে হইবে।
- মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে সংশ্লিষ্ট কাগজপত্রের মূল সনদ দাখিল করিতে হইবে।
- নিয়োগ সংক্রান্ত সরকারি যাবতীয় বিধি বিধান ও আনুষ্ঠানিকতা যথাযথভাবে অনুসরণ করা হইবে।
- খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করিতে হইবে।
- ছবি ও প্রয়োজনীয় কাগজপত্র সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার নামসহ সীল ব্যবহার করিতে হইবে।
- অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।
- উপযুক্ত প্রার্থীদের লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার তারিখ, সময় ও স্থান প্রবেশ পত্রের মাধ্যমে জানানো হইবে।
- এই বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।
- পরীক্ষায় অংশগ্রহণকারীদেরকে কোন টি.এ/ডি.এ প্রদান করা হইবে না।



(মাহমুদুল হাসান)

যুগ্ম জেলা জজ ১ম আদালত, কক্সবাজার
ও চেয়ারম্যান, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি।